# এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

## বরিশাল ও রাজশাহী বোর্ড–২০১৭

**সমাজকর্ম–প্রথম পত্র** বিষয় কোড: | ২ | ৭ | ১ |

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** সৃজনশীল প্রশ্ন **পূর্ণমান—৭০**

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

**প্রশ্ন–১।** অনেকগুলো পাঠ্যবিষয় নিয়ে সামাজিক বিজ্ঞান অনুষদ। সব পাঠ্যবিষয়ই তাত্ত্বিক, ব্যবহারিক ও সাহায্যকারী পেশা নয়। তবে সামাজিক বিজ্ঞান অনুষদের এমন একটা পঠিত বিষয় আছে যেটি তাত্ত্বিক, ব্যবহারিক এবং উন্নত দেশগুলোতে পেশা হিসেবে স্বীকৃতি পেয়েছে। বাংলাদেশেও বিষয়টি পেশা হিসেবে স্বীকৃতি পাওয়ার পর্যায়ে রয়েছে। এটি বৈজ্ঞানিক পদ্ধতিতে সমস্যা চিহ্নিতকরণ, প্রতিকার, প্রতিরোধ ও উন্নয়নমূলক কাজের সাথে সাথে সচেতনতা সৃষ্টি ও মানবসম্পদ উন্নয়নেও ভূমিকা রাখছে।

ক. Industry শব্দটির কোন শব্দ থেকে উৎপত্তি? ১

খ. বহুমুখী সমস্যার সমাধান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সামাজিক অনুষদের কোন বিষয়ের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ভূমিকা পালনের মধ্যেই কি বিষয়টি সীমাবদ্ধ? তোমার মতামত দাও। ৪

**প্রশ্ন–২।** বাংলাদেশে ভিক্ষুকের সংখ্যা ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে। বৃদ্ধ, অসুস্থ, প্রতিবন্ধী ভিক্ষুকের সাথে সাথে সুস্থসবল ও অপ্রাপ্তবয়স্ক শিশুরাও ভিক্ষা করছে। এক এলাকার মানুষ আরেক এলাকায় গিয়ে ভিক্ষা করছে। বাংলাদেশে ভিক্ষাবৃত্তি একটি সামাজিক সমস্যায় পরিণত হয়েছে। এ সমস্যা মোকাবিলার জন্য এবং সুস্থ-সবল ভিক্ষুকদের পুনর্বাসন, সংশোধন, ভিক্ষাবৃত্তি নিষিদ্ধকরণের জন্য ১৯৪৩ সালে বঙ্গীয় ভবঘুরে আইন প্রবর্তন করা হয়েছিল।

ক. NAS এর পূর্ণরূপ লেখ। ১

খ. পঞ্চদৈত্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতি মোকাবিলার জন্য ইংল্যান্ডে কোন আইন প্রবর্তন করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আইনের মতো ইংল্যান্ডে প্রবর্তিত আইন কি পরিস্থিতি মোকাবিলার জন্যে কোনো সুপারিশ করেছিল? পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

**প্রশ্ন–৩।** নিবেদিতা চৌধুরী তিন বছর নার্সিং কলেজে শিক্ষানবিস হিসেবে হাতেকলমে শিক্ষা গ্রহণ করে বর্তমানে সিনিয়র নার্স হিসেবে কর্মরত আছেন। রোগীরা তাকে অনেক পছন্দ করে। তাকে বিশ্বাস করে। রোগীদের সেবা করার ক্ষেত্রে তিনি কখনও আবেগতাড়িত হন না। তবে বিশেষ কিছু নীতি ও মূল্যবোধ মেনে চলেন। তিনি এই সেবার মাধ্যমেই পরিবারের ভরণপোষণ ও জীবিকা নির্বাহ করেন।

ক. বিভারিজ রিপোর্ট কত সালে পেশ করা হয়? ১

খ. শিল্পবিপ্লব বলতে কী বোঝায়? ২

গ. উল্লিখিত নিবেদিতা চৌধুরীর কাজটি কোন ধরনের অর্থনৈতিক কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কি এমন কোনো বৈশিষ্ট্য আছে যার আলোকে নিবেদিতার সেবার কাজটিকে শুধু জীবিকা নির্বাহের উপায় বলা যায়? মতামত দাও। ৪

http://teachingbd.com

**প্রশ্ন–৪।** সৈয়দ মো. নাসিম আলী পাক-ভারত উপমহাদেশের মুসলিমপ্রধান বিচারপতি ছিলেন। তার মৃত্যুর আগে উইল করে তার সম্পত্তি তিন ভাগ করেন। একভাগ জনকল্যাণমূলক কাজের জন্য, আরেক ভাগ তার বংশধরদের দান করেন এবং বাকি অংশ ধর্মীয় কাজে দান করেন। এ দানকৃত সম্পত্তির আয় দ্বারা দুঃস্থ, এতিম ও অসহায়দের ভরণপোষণ, স্বাস্থ্য, চিকিৎসাসহ আরো অনেক উন্নয়নমূলক কাজ করে থাকে।

ক. 'জাকাত' কোন শব্দ? ১

খ. ধর্মগোলা বলতে কী বোঝায়? ২

গ. সৈয়দ মো. নাসিম আলীর 'সম্পত্তিদান' কার্যক্রম কোন সনাতন সমাজকল্যাণ প্রতিষ্ঠানের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. দানকৃত সম্পত্তি কীভাবে উদ্দীপকে উল্লিখিত উন্নয়নমূলক কার্যক্রম করে আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখছে? ব্যাখ্যা কর। ৪

**প্রশ্ন–৫।** প্রতিবছর কোনো না কোনো প্রতিষ্ঠান সরকারি অথবা বেসরকারি প্রতিষ্ঠান আদমশুমারি। করে। আদমশুমারির লক্ষ্য হলো দেশের জন্ম-মৃত্যু, নারী-পুরুষ, বয়স কাঠামো, পরিবারের সন্তানসংখ্যা, আয়, ব্যয়, সঞ্চয়, কর্মক্ষম মানুষ ও লোকসংখ্যার হ্রাস-বৃদ্ধিতে সামঞ্জস্য রক্ষা করে দেশের ও পরিবারের উন্নয়নে সহায়তা করা।

ক. Psyche শব্দের অর্থ কী? ১

খ. সমাজবিজ্ঞানকে কেন সমাজের বিজ্ঞান বলা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কার্যক্রম কোন সামাজিক বিজ্ঞানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়সমূহ জনসংখ্যা নীতি গ্রহণে কীভাবে প্রভাব ফেলে? মতামত দাও। ৪

**প্রশ্ন–৬।** ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় 'আত্মহত্যার হার অনেক বেশি' বলে প্রচলিত আছে। আত্মহত্যার হার সত্যিই বেশি কিনা জানার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষক ড. জিল্লুর রহমান স্যার কিছু শিক্ষার্থী নিয়ে তথ্য সংগ্রহ শুরু করেন। তাদের উদ্দেশ্য ছিল আত্মহত্যাকারীর সংখ্যা, বয়স, লিঙ্গ, শিক্ষা, কারণ, প্রেক্ষাপট, জীবিকা, অর্থনৈতিক ও সামাজিক অবস্থাসহ অন্যান্য বিষয় সম্পর্কে প্রাথমিক তথ্য সংগ্রহ ও যাচাই বাছাই এর মাধ্যমে প্রতিবেদন তৈরি ও সুপারিশ করা।

ক. সামাজিক কার্যক্রম কী? ১

খ. সমাজকর্ম বাস্তবায়নের জন্য কেন সমাজকর্ম প্রশাসনের প্রয়োজন হয়? ২

গ. উদ্দীপকে ড. জিল্লুর রহমান স্যারের কাজটি সমাজকর্মের কোন পদ্ধতির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের জন্য উদ্দীপকে কি কোনো ধাপ অনুসরণ করেছে? বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন–৭।** শিল্পবিপ্লব মানুষকে যেমন দিয়েছে প্রাচুর্য ও বিলাসিতা ঠিক তেমনি দিয়েছে অসুস্থতা, দুর্ঘটনা, বেকারত্ব ও অক্ষমতাজনিত নির্ভরশীলতা। আধুনিক কল্যাণ রাষ্ট্র সামাজিক আইন প্রণয়নের মাধ্যমে ঐ সমস্ত লোকদের প্রতিরক্ষামূলক কর্মসূচি গ্রহণ করেছে। আবার নাগরিকগণ তাদের অসহায় ও বিপর্যয়মূলক পরিস্থিতি মোকাবিলার জন্য নিজেরাও পরিকল্পিতভাবে কর্মসূচির আওতায় আসে।

ক. এতিমখানা কী? ১

খ. বায়তুলমাল কেন গঠিত হয়েছিল? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কর্মসূচির মাধ্যমে কোন কল্যাণমূলক কর্মসূচির ইঙ্গিত দিয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিকল্পিত কর্মসূচির মাধ্যমে নাগরিকগণ নিজেরা কীভাবে দুর্যোগ ও বিপর্যয় মোকাবিলা করে? পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

**প্রশ্ন–৮।** ঐশী ২০১৭ সালে নতুন ভোটার হয়েছে। এখন সে আগামীতে নির্বাচনে ভোটাধিকার প্রয়োগে নিজেকে উপযুক্ত বলে মনে করছে। জাতীয় পরিচয়পত্র ব্যবহার করতে গর্ববোধ করে এবং দায়িত্ব কর্তব্য পালনে অনেক বেশি সচেতনও হয়েছে। ইয়ুথ

Teachingbd.com

হাংগার প্রজেক্ট নামে একটি এনজিও যুব ছায়া সংসদ গঠন করেছিল। সেই সংসদের খাদ্য ও কর্মসংস্থান মন্ত্রী হিসেবে ঐশীর দেওয়া বক্তব্যে ফুটে উঠেছে, প্রতিটি মানুষের খাদ্য ও কর্মের অধিকার, সুশাসন, জবাবদিহিতা ও স্বচ্ছতামূলক শাসনব্যবস্থার।

ক. কে প্রথম Sociology শব্দটি ব্যবহার করেন? ১

খ. একজন সমাজকর্মীর সমস্যা সমাধানের জন্য কেন নৃবিজ্ঞানের জ্ঞান প্রয়োজন হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিষয় কোন সামাজিক বিজ্ঞানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঐশীর সংসদে দেওয়া বক্তব্যের মধ্যেই কি বিষয়টির কার্যক্রম সীমাবদ্ধ? যুক্তি দাও। ৪

**প্রশ্ন–৯।** 'ক' একটি বেসরকারি সংস্থা। যুদ্ধে ক্ষতিগ্রস্ত জনগণের ত্রাণ ও পুনর্বাসনের নিমিত্ত এটি ১৯৭২ সালে সিলেটের শাল্লা গ্রামে কার্যক্রম শুরু করে। দরিদ্র লোকদের দুঃখ দুর্দশা দূরীকরণার্থে সংস্থাটি কতিপয় কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে এটি দেশের বাইরেও কিছুসংখ্যক কার্যক্রম চালু করেছে।

ক. গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা কে? ১

খ. বেসরকারি সংস্থা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানকে কেন জাতীয় স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান বলা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. গ্রামীণ দরিদ্র জনগণের ভাগ্যোন্নয়নে প্রতিষ্ঠানটির পরিপালিত ভূমিকার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন–১০। নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**




Teachingbd.com

ক. সমষ্টি উন্নয়ন কী? ১

খ. গ্রহণ নীতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে সমাজকর্মের যে ধরনের পদ্ধতির ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পদ্ধতি সমস্যার পরিপূর্ণ সমাধানে কী যথেষ্ট? বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন–১১।** বাংলাদেশ সরকারের যুগান্তকারী পদক্ষেপের মধ্যে অন্যতম হচ্ছে মানবতার বিকাশ, জনমুখী উন্নয়ন ও প্রগতিতে নেতৃত্বদানকারী মননশীল যুক্তিবাদী দেশপ্রেমিক কর্মকুশল নাগরিক গড়ে তোলা। সেই লক্ষ্যে সরকার শিক্ষাক্রম, পাঠ্যসূচি প্রণয়ন, শিক্ষণ, শিক্ষা পদ্ধতির পরিবর্তনসহ অনেক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। যার ফলে বাংলাদেশ ডিজিটাল বাংলাদেশ গড়ায় সাফল্য অর্জন করেছে।

ক. জাতীয় নারী উন্নয়ন নীতি কত সালে প্রণীত হয়? ১

খ. নগরমুখিতা নিরুৎসাহিত করা ও পরিকল্পিত নগরায়ণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সরকারের গৃহীত পদক্ষেপসমূহ কোন সামাজিক নীতির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পদক্ষেপ কীভাবে যুগোপযোগী দক্ষ মানবসম্পদ উন্নয়নে ভূমিকা রাখতে পারে? পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

http://teachingbd.com

বহুনির্বাচনি অভীক্ষা

## সমাজকর্ম-প্রথম পত্র

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ২ ৭ ১

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১। হিন্দু বিধবা বিবাহ আইন পাস হয় কত সালে?**
ক ১৮২৯ খ ১৮৫০ গ ১৮৫৩ ঘ ১৮৫৬

**২। বেগম রোকেয়ার স্কুলটি কত সালে ভাগলপুর থেকে কলকাতায় স্থানান্তরিত হয়?**
ক ১৯০৯ খ ১৯১১ গ ১৯১৫ ঘ ১৯২৯

**৩। সমাজ সেবা হলো–**
i. কতগুলো সংগঠিত কার্যাবলি
ii. একটি পেশা
iii. প্রত্যক্ষভাবে মানবসম্পদ সংরক্ষণ, প্রতিপালন ও উন্নয়ন করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জালাল সাহেব তার এলাকায় মসজিদ নির্মাণের জন্য আইনানুগভাবে ১ কাঠা জমি দান করেন। তিনি দুঃখী মানুষ ও ভিক্ষুকদেরও অকাতরে দান করেন।

**৪। উদ্দীপকে জালাল সাহেবের মসজিদের দানকে কী বলা যায়?**
ক ওয়াকফ খ বায়তুলমাল
গ দানশীলতা ঘ জাকাত

**৫। উদ্দীপকের জালাল সাহেবের দুঃখী মানুষ ও ভিক্ষুকদের প্রতিদান হচ্ছে–**
i. সনাতন সমাজকল্যাণ ii. দানশীলতা
iii. ওয়াকফ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬। Psyche শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ক ল্যাটিন খ ফরাসি গ গ্রিক ঘ ইংরেজি

**৭। কোন অর্থনীতিবিদের সংজ্ঞাকে অর্থনীতির গ্রহণযোগ্য সংজ্ঞা হিসেবে মনে করা হয়?**
ক অ্যাডাম স্মিথ খ আলফ্রেড মার্শাল
গ জন স্টুয়ার্ট মিল ঘ এল. রবিন্স

**৮। জনবিজ্ঞান আলোচনা করে–**
i. জনসংখ্যার লিঙ্গ, বয়স, বৈবাহিক অবস্থা
ii. মানুষের জন্মহার, মৃত্যুহার, স্থানান্তর
iii. মানুষের আচরণ ও ক্রিয়া-প্রতিক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
জাকির হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে এমন একটি বিষয়ে অধ্যয়ন করছে যে বিষয়টি মানুষের বহুমুখী সমস্যার কার্যকর সমাধানের জন্য ব্যবহারিক জ্ঞান দান করে থাকে। এজন্য তাকে সহায়ক হিসেবে বিভিন্ন সামাজিক বিজ্ঞান অধ্যয়ন করতে হয়।

**৯। উদ্দীপকে জাকির হোসেনের বিষয় কোনটি?**
ক সমাজবিজ্ঞান খ সমাজকর্ম
গ অর্থনীতি ঘ পৌরনীতি

**১০। উদ্দীপকে জাকির হোসেন যে বিষয়টি অধ্যয়ন করছে তাকে বলা যায়?**
i. তাত্ত্বিক বিজ্ঞান ii. সমন্বিত বিজ্ঞান
iii. ব্যবহারিক বিজ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১। সমাজকর্মের প্রথম মৌলিক পদ্ধতি হিসেবে ব্যক্তি সমাজকর্মের ধারণা দেন কে?**
ক H.H. Perlman খ W.A. Friedlander
গ Anna L. Dawes ঘ Marry Richmond

**১২। ইংরেজি Method শব্দটি কোন শব্দ থেকে উৎপত্তি হয়েছে?**
ক গ্রিক খ ল্যাটিন গ ফরাসি ঘ রোমান

**১৩। ব্যক্তি সমাজকর্মে 'স্থান' বলতে বোঝায়–**
i. নির্দিষ্ট জায়গা ii. সরকারি এজেন্সি
iii. বেসরকারি এজেন্সি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪। র‍্যাপো (Rapport) কী?**
ক সমস্যাগ্রস্ত ব্যক্তির সাথে ব্যক্তি সমাজকর্মীর পেশাগত সম্পর্ক
খ সমাজকর্মীর সাথে সমাজকর্মের সম্পর্ক
গ সমস্যাগ্রস্ত ব্যক্তির সাথে সমাজকর্মের সম্পর্ক
ঘ সমাজকর্মীর সাথে পেশাগত প্রতিষ্ঠানের সম্পর্ক

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
সুবর্ণপুর একটি গ্রাম। এ গ্রামের অধিকাংশ মানুষ দরিদ্র ও অশিক্ষিত। এ এলাকার রাস্তাঘাট তেমন উন্নত নয়। তাদের জীবনযাত্রার মান নিম্ন।

**১৫। উদ্দীপকে সুবর্ণপুর গ্রামের উন্নয়নের জন্য সমাজকর্মের কোন পদ্ধতি প্রয়োগ করা যায়?**
ক ব্যক্তি সমাজকর্ম খ দল সমাজকর্ম
গ সমষ্টি উন্নয়ন ঘ সমষ্টি সংগঠন

Teachingbd.com

১৬। উদ্দীপকে সুবর্ণপুর গ্রামের উন্নয়নের জন্য সমাজকর্মের মৌলিক পদ্ধতির সাথে সহায়ক পদ্ধতি হিসেবে গ্রহণ করা যায়–

i. সমাজকর্ম প্রশাসন ii. সমাজকর্ম গবেষণা
iii. সামাজিক কার্যক্রম

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৭। জাতীয় নারী উন্নয়ন নীতি কত সালে প্রণীত হয়?

ⓚ ২০০৪ ⓛ ২০০৮ ⓜ ২০১০ ⓝ ২০১১

১৮। সময়ের ব্যাপকতার ভিত্তিতে পরিকল্পনাকে কতভাগে ভাগ করা যায়?

ⓚ ২ ⓛ ৩ ⓜ ৪ ⓝ ৫

১৯। জাতিসংঘ বিশেষজ্ঞ দলের সুপারিশে সমাজকর্ম শিক্ষার উপর ঢাকায় ৩ মাসের একটি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয় কত সালে?

ⓚ ১৯৫১ ⓛ ১৯৫২ ⓜ ১৯৫৩ ⓝ ১৯৫৫

২০। বাংলাদেশে সমাজকর্মের প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রবর্তনের জন্য জাতিসংঘের কোন বিশেষজ্ঞের উপর গুরুদায়িত্ব অর্পণ করা হয়েছিল?

ⓚ Dr. James Dumpson
ⓛ Dr. J. Morre
ⓜ Dr. P.J. Hearts ⓝ Dr. Jac Yep Kim

২১। সমাজকর্ম পেশা হিসেবে কোন দেশে প্রথম স্বীকৃতি লাভ করে?

ⓚ ভারত ⓛ ইংল্যান্ড
ⓜ অস্ট্রেলিয়া ⓝ আমেরিকা

২২। সমাজের কুপ্রথা দূর করে বাঞ্ছিত পরিবর্তন আনয়নকে কী বলে?

ⓚ সামাজিক পরিবর্তন ⓛ সমাজ সংস্কার
ⓜ সামাজিক নিয়ন্ত্রণ ⓝ সামাজিক উন্নয়ন

২৩। ইংল্যান্ডে দরিদ্র সমস্যা মোকাবিলায় ১৫৩১ সালে দরিদ্র আইনটি প্রণয়ন করেন কে?

ⓚ রানি এলিজাবেথ
ⓛ রাজা তৃতীয় এডওয়ার্ড
ⓜ রাজা অষ্টম হেনরি
ⓝ উইলিয়াম বিভারিজ

২৪। সমাজকর্মের উদ্দেশ্য হলো–

i. সম্পদের সদ্ব্যবহার
ii. পরিকল্পিত সামাজিক পরিবর্তন আনয়ন
iii. সামাজিক বিপর্যয় প্রতিরোধ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৫। আমেরিকায় কত সালে COS গঠিত হয়েছিল?

ⓚ ১৮৭৩ ⓛ ১৮৭৭ ⓜ ১৮৯৩ ⓝ ১৮৯৭

২৬। শিল্পবিপ্লবের ধারণাটি নামকরণ করেছিলেন কে?

ⓚ Arnold Toynbee ⓛ Lady Williams
ⓜ Jarry and Jarry ⓝ S.P. Huntington

➲ নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।

টমাস মুর একজন পেশাদার সমাজকর্মী। তিনি সমস্যাগ্রস্তদের মধ্যে ভেদাভেদ সৃষ্টি করেন না। কিন্তু তাদের মতামতকে মূল্যায়ন না করে নিজের মতামত তাদের উপর চাপিয়ে দেন এবং সাহায্যার্থীর প্রয়োজনীয় তথ্য অন্যের কাছে প্রকাশ করে দেন।

২৭। উদ্দীপকে টমাস মুর গুরুত্বের সাথে গ্রহণ করেছেন সমাজকর্মের কোন মূল্যবোধ?

ⓚ ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি
ⓛ সবার সমান সুযোগ
ⓜ গণতান্ত্রিক অধিকার
ⓝ ব্যক্তিস্বাধীনতা

২৮। উদ্দীপকে টমাস মুর সমাজকর্ম পেশার নীতি লঙ্ঘন করেছেন–

i. সাহায্যার্থীর আত্মনিয়ন্ত্রণ অধিকার
ii. সামাজিক দায়িত্ববোধ iii. গোপনীয়তা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৯। "সমাজকর্ম হলো মানবীয় সম্পর্কবিষয়ক বৈজ্ঞানিক জ্ঞান ও দক্ষতাভিত্তিক পেশা।"– সংজ্ঞাটি কে দিয়েছেন?

ⓚ W.A. Friedlander
ⓛ Morales and Sheafor
ⓜ Herbert Bisno
ⓝ R. A. Skidmore and M.G. Thackery

৩০। পেশা ও বৃত্তির মধ্যে পার্থক্য নিরূপিত হয়–

i. সুশৃঙ্খল জ্ঞান, দক্ষতা ও নৈপুণ্যের মাধ্যমে
ii. তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষার মাধ্যমে
iii. অর্থ উপার্জনের মাধ্যমে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

Teachingbd.com

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ক |